# উৎসর্গ।

শ্রদ্ধাস্পদ

পিতৃব্য-তনয় শ্রীযুক্ত বাবু অখিলচন্দ্র সেন,
এম্, এ, বি, এল্।

দাদা,

আমার ঘটনাপূর্ণ ক্ষুদ্র জীবনের দুইটী শোকাবহ অঙ্ক আপনার অকৃত্রিম স্নেহে এবং ভ্রাতৃ-বাৎসল্যে বিভাসিত। একটী অঙ্ক বহু দিন হইল অভিনীত হইয়া গিয়াছে; দ্বিতীয়টির অভিনয় এখনও শেষ হয় নাই। অদৃষ্ট অন্ধকার; নির্ম্মম সংসারের অস্ত্রাঘাতে সরল কোমল হৃদয় ক্ষত বিক্ষত হইতেছে। এই ঘোরতর অন্ধকারে একটী মাত্র অপার্থিব আলোক সমান ভাবে জ্বলিতেছে, সেই আলোকটী আপনার স্নেহ। আজি আভূতল-বক্ষ হইয়া গলদশ্রু-ধারায় সেই আলোকের পূজা করিয়া এই ক্ষুদ্র কবিতা উপহার প্রদান করিলাম; গ্রহণ করিলে সুখী হইব। আপনি "ক্লিওপেট্রাকে" অন্তরের সহিত ভাল বাসেন। আদরের তৃণও অমূল্য,—এই বিশ্বাসে ক্লিওপেট্রা আপনার করে অর্পিত হইল।

কলিকাতা।<br>১লা ভাদ্র,<br>সন১২৮৪ সাল।

আপনার স্নেহের<br>নবীন।

# একটি—কথা।

---

সংসার যাহাকে পাপ বলে, ক্লিওপেট্রার জীবন সেই পাপে পরিপূর্ণ। অতএব ক্লিওপেট্রাকে সাহিত্য-সমাজে উপস্থিত করিলাম বলিয়া আমি বঙ্গদেশীয় সম্প্রদায় বিশেষের কাছে হয় ত তীব্র কটাক্ষ ভাজন হইব। তবে জানিয়া শুনিয়া এরূপ কবিতা কেন লিখিলাম? বলিতেছি।

স্বভাবের বিচিত্রতা-পরিপূর্ণ মাতৃ-ভূমিতে অবস্থান কালে এক দিন অপরাহ্নে একটি সমুদ্র-সৈকতে বসিয়া ক্লিওপেট্রা জীবনের একখানি ক্ষুদ্র আখ্যায়িকা পড়িতেছিলাম। পাঠ সমাপন করিয়া মস্তক তুলিয়া সন্ধ্যালোকে একটী চমৎকার দৃশ্য দেখিলাম। সম্মুখে তরঙ্গায়িত অনন্ত সমুদ্র; দূরে সলিলা-কাশের সম্মিলন-রেখায় মধ্যস্থলে সূর্য্যদেব সলিল-শয্যায় শোভা পাইতেছেন। সেই "জবা কুসুম সংকাশ" মূর্ত্তি বেষ্টিয়া নীলোজ্জল উর্ম্মিমালা নৃত্য করিতেছে। তিনি সেই নৃত্য দেখিতে দেখিতে আনন্দে জলধি-হৃদয়ে বিলীন হইলেন। তখন পট পরিবর্ত্তন হইয়া যেন আর একটী মনোহর দৃশ্য প্রদর্শিত হইল। সান্ধ্য নীলিমায় জলধিব-ক্ষ আচ্ছন্ন হইল; সেই নীলিমা অঙ্গে মাখিয়া তরঙ্গমালা নাচিতে লাগিল। দেখি-লাম একটী ক্ষুদ্র তৃণ সেই অসীম সমুদ্র-গর্ভে,—সেই অসংখ্য তরঙ্গাঘাতে, সেই অপ্রতিহত স্রোত প্রভাবে, ভাসিয়া

যাইতেছে; কূল পাইতে পারিতেছে না। ভাবিলাম এই সংসারও সমুদ্র বিশেষ। ইহারও তরঙ্গ আছে, স্রোত আছে। ইহাও সময়ে সময়ে এইরূপ ঘোরান্ধতিমিরে আচ্ছন্ন হইয়া থাকে। আমরা ইহাতে ওই তৃণের মত ভাসিয়া বেড়াইতেছি। যদি তরঙ্গ এবং স্রোতের প্রতিকূলে যাইতে পারিতেছে না বলিয়া ওই তৃণের কোন পাপ না হয়, তবে মানুষ অবস্থার তরঙ্গ, ঘটনার স্রোত ঠেলিয়া উঠিতে পারে না বলিয়া কেন পাপী হইবে? অভাগিনী ক্লিওপেট্রা সংসারের ঘোরতর ঝটিকায়, তাহার বিশালতম তরঙ্গে ভাসিয়া গিয়াছিল বলিয়া কেনই বা পাপিনী হইল?

যাহাকে পাপী বলিয়া ঘৃণা করি তাহার অবস্থায় পড়িয়া কয় জন পৃথিবীতে পুণ্যবান বলিয়া পরিচিত হইতে পারি? তবে সেই অবস্থা হইতে দূরে থাকা স্বতন্ত্র কথা—সেই অবস্থায় ইচ্ছানুসারে পতিত হওয়া স্বতন্ত্র কথা। কিন্তু যাহাদিগকে অনিবার্য্য এবং অনীপ্সিত ঘটনা স্রোতে সেই অবস্থাপন্ন করে আমি তাহাদের কথা,—এই অভাগিনী ক্লিওপেট্রার কথা—বলিতেছি। ক্লিওপেট্রার পিতা পাপিষ্ঠ, জ্যেষ্ঠ সহোদরা পতি-হন্তা, ক্লিওপেট্রার ভর্ত্তা শিশু কনিষ্ঠ ভ্রাতা; শিক্ষাদাতা দুরাচার ক্লীব মন্ত্রী। ক্লিওপেট্রার প্রণয়-প্রার্থী—দিগ্বিজয়ী পৃথ্বীপতি সিজার এবং এণ্টনি। এরূপ অবস্থায় পতিত হইয়া এতাদৃশ প্রণয়ীকে প্রত্যাখ্যান করিয়াছে যদি এমন রমণী দেখাইতে পার, তিনি দেবী; ক্লিওপেট্রা মানবী। ক্লিওপেট্রার জীবনের নাম মানব জীবন। ক্লিওপেট্রার প্রেম

পুরোহিতের মন্ত্রে পবিত্রীকৃত হইয়াছিল না বলিয়া যদি তাহাকে ঘৃণা করিতে হয়, করিও; কিন্তু ক্লিওপেট্রা অবস্থার দাসী বলিয়া দয়া করিও, ক্লিওপেট্রা অভাগিনী বলিয়া দুঃখ করিও।

সমুদ্র তটে সেই সন্ধ্যালোকে ক্লিওপেটার জীবনের আখ্যায়িকা পাঠ করিয়া তাহার প্রতি আমার আন্তরিক সহানুভূতি হইয়াছিল। আমি তাহার রূপে মোহিত, প্রেমে দ্রবিত, তাহার অসাধারণ মানসিক শক্তিতে চমকৃত, এবং তাহার হতভাগ্যে দুঃখিত হইয়াছিলাম। ভাবিয়া দেখিলাম ভারতীয় সাহিত্য ভাণ্ডারে এরূপ একটী রত্ন নাই। নাই বলিয়াই, সেই সমুদ্র তটে বসিয়া এই কবিতাটি লিখিতে আরম্ভ করিয়াছিলাম, এবং সেই দ্বীপে অবস্থান কালেই ইহা সমাপ্ত হইয়াছিল।

## ভ্রমসংশোধন।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ৯ | ২ | রঙ্গ-ভূমিনায়ক | রঙ্গভূমে নায়ক |
| ৯ | ১২ | বীর-ভরে | বীরভরে |
| ১৫ | ১৬ | যুড়াইল প্রাণ; সখি! | সখি! যুড়াইল প্রাণ; |
| ১৬ | ৭ | করিল বীরেশ | করিলা বীরেশ |
| ১৬ | ১৫ | প্রণয়-দাতায় | প্রণয় দাতায় |

১৮ পৃষ্ঠায় ৮ম পংক্তির শেষে—চিহ্ন হইবে

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ১৯ | ১৭ | উন্মিলিল | উন্মেষিল |
| ঐ | ১৯ | বিলম্বিল | বিলম্বিত |
| ২০ | ১২ | বর্ণ | কর্ণ |
| ২২ | ১৭ | নিরাশ | নিরাশা |
| ২৫ | ১৪ | সঙ্গীত-বিহ্বল | সঙ্গীত বিহ্বল |
| ২৮ | ১১ | করিছে | করিতে |
| ৩৪ | ৭ | তার | তরে |
| ৩৬ | ১৮ | —সে'কি | 'সেকি |
| ৪২ | ৬ | ঝ্যাপ | ঝাঁপ |
| ৪৫ | ৫ | ক্ষমিও এণ্টনি!' | 'ক্ষমিও এণ্টনি!' |
| ৪৫ | ১৮ | ক্ষমিও এণ্টনি' | 'ক্ষমিও এণ্টনি' |

৪৬ ...... ১৮ ... প্রথমেই কোট 'চিহ্ন বসিবে।